

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) কর্তৃক গত ১৪/১১/২০১৮ ইং তারিখে অথরিটির সম্মেলন কক্ষে উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দিনব্যাপি কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় অথরিটির পরিচালক ও ইনোভেশন অফিসার জনাব মোঃ সিরাজুল হক সভাপতিত্ব করেন। প্রধান অতিথি হিসেবে অথরিটির এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান জনাব অমলেন্দু মুখার্জী ও বিশেষ অতিথি হিসেবে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব ও চিফ ইনোভেশন অফিসার জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ উপস্থিত ছিলেন। এছাড়াও দিনব্যাপি এ প্রশিক্ষণ কর্মশালায় অথরিটির পরিচালক জনাব মাস্টন উদ্দিন আহমেদ এবং সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন। এটুআই এর রিসোর্স পার্সন হিসেবে আগত পরিকল্পনা মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ মাহবুবুর রহমান-এর নির্দেশনায় দিনব্যাপি আনন্দঘন পরিবেশে কর্মশালাটি সম্পন্ন হয়।

